গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নের অংশ হিসাবে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত দ্বিতীয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আঃ খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব ) |
| সভার তারিখ | ১৯ ডিসেম্বর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধি খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র সেবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের প্রতিনিধি, বিসিএমসিএল, এমজিএমসিএল প্রতিনিধি, এভারলাস্ট মিনারেলস লিমিটেডসহ বিএমডির সাদামাটি ও সিলিকাবালু কোয়ারি ইজারাদারগণ সংযুক্ত ছিলেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনার বিভিন্ন লক্ষমাত্রা নিয়ে আলোচনার এক পর্যায়ে বলেন বেআইনি বা অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন বন্ধে জাতীয় পত্রিকায় বা কোয়ারি এলাকার স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারির লক্ষ্যমাত্রা রয়েছে। সেপ্রেক্ষিতে প্রতিবছরের ন্যায় এবছরও খনিজ সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে খনিজ সম্পদের অবৈধ উত্তোলন, আহরণ, পরিবহণ ও বিক্রয় করা থেকে সকলকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়ে জাতীয় পত্রিকায় বা কোয়ারি এলাকার স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারি করা হবে। এছাড়া খনি হতে খনিজ সম্পদ উত্তোলন, আহরণ ইত্যাদি বিষয়ে মনিটরিং এর লক্ষ্যে ০৪ টি সরেজমিন কোয়ারি পরিদর্শন এর মধ্যে ২ টি পরিদর্শন ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

৩.০ বিস্তারিত আলোচনা শেষে অংশীজনদের মতামত জানতে চাওয়া হলে বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লিমিটেড এর একজন প্রতিনিধি ময়মনসিংহে একটি আঞ্চলিক অফিস করার ব্যাপারে মত ব্যক্ত করেন। এপ্রেক্ষিতে সভাপতি জানান এটা একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা এবং এর কার্যক্রম চলমান রয়েছে। হবিগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের প্রতিনিধি সহকারী কমিশনার (রাজস্ব) জানান, ইজারাকৃত ও ইজারাকৃত নয় এমন সিলিকা বালুমহালগুলো পৃথকভাবে চিহ্নিত করা গেলে সাধারণ মানুষের বুঝতে সমস্যা হবে না কোনটা ইজারা দেওয়া হয়েছে আর কোনটা থেকে অবৈধভাবে উত্তোলন করা হচ্ছে। এই প্রস্তাবকে সাধুবাদ জানিয়ে সভাপতি তাকে ধন্যবাদ জানান। এছাড়া, সভাপতি শক্ত হাতে অবৈধভাবে পাথর উত্তোলন বন্ধ করার জন্য জেলা প্রশাসন, সিলেট-কে ধন্যবাদ জানান। তিনি সিলেটের লোভাছড়া পাথর কোয়ারি থেকে অবৈধভাবে উত্তোলিত ১ কোটি ঘনফুট জব্দকৃত পাথর নিলামে বিক্রয় করা গেলে সরকার রাজস্ব পাবে বলে মত ব্যক্ত করেন। মৌলভীবাজারের একজন ইজারাগ্রহীতা রাসেল মিয়া সেখানকার কোয়ারির বিভিন্ন মৌজার দাগের সংশোধনের ব্যাপারে জানতে চাইলে সভাপতি কোন দাগে কি সমস্যা হচ্ছে তা নির্দিষ্ট করে জানালে সরেজমিন পরিদর্শন করে তা সমাধান করার চেষ্টা করা হবে বলে জানান।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. পরবর্তী সভায় পরিবেশ অধিদপ্তর এর প্রতিনিধিকে আমন্ত্রন জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

:. বেআইনি বা অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন বন্ধে জাতীয় পত্রিকায় বা কোয়ারি এলাকার স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারি করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০১-২০২৪
মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব )
+৮৮০২৮৩৯১৫৬৭ (ফোন)
dg@bomd.gov.bd

তারিখ: ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.৪০

বিতরণ : জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
১২। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৩। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৪। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৬। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;
১৭। জনাব মোঃ মিজানুর রহমান/জনাব মোঃ শফিকুল ইসলাম/জনাব মোঃ সেলিম আহমেদ/জনাব মোঃ সালেক মিয়া/জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট;
১৮। প্রোপাইটর জনাব মো: গোলাম কিবরিয়া, বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লি. এবং
১৯। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

০৩-০১-২০২৪
মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)